# ভুলে যাওয়া ছোটবেলা

অভিষেক দত্ত মজুমদার

ভুলে গেছি সেই ছোটবেলার গুলি-ডান্ডা খেলা
ভুলে গেছি সেই বৃষ্টির জলে ভাসাতে কাগজের ভেলা
ভুলে গেছি সেই মগডালে উঠে আম আমড়া পারা
ভুলে গেছি সেই ছোট ব্যাঙ ধরে কারোর পকেটে পোরা
ভুলে গেছি সেই আলো আবছায়ায় শেফালি পদ্ম চুরি
ভুলে গেছি সেই সন্ধ্যেবেলার তেলেভাজা ঝালমুড়ি
ভুলে গেছি সেই টিফিন খেতে মেয়েদের পিছনে লাগা
ভুলে গেছি সেই মা'র মার খেয়ে আল ধরে দৌড়ে ভাগা
ভুলে গেছি সেই বন্ধুদের সাথে কতরকম খুনসুটি
ভুলে গেছি সেই প্রথম প্রেমের সজল চক্ষু দুটি
ভুলে গেছি সেই ভরদুপুরে পাড়ায় পাড়ায় ঘোরা
ভুলে গেছি সেই নীলাকাশের তলে শুয়ে থাকতাম মোরা
ভুলে গেছি সেই পড়শীর ঘরে লুকিয়ে উঁকি মারা
ভুলে গেছি সেই বন্ধুদের সব একসাথে ছিলাম যারা
ভুলে গেছি সেই নাগরদোলা রথযাত্রা মেলা
ভুলে গেছি সব, মনে নেই কিছু আপন ছেলেবেলা